গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

সিস্টেমস ম্যানেজার দপ্তর
ডায়েরী নং ...
তারিখ ২২/২/২৫
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

সংবাদ বিজ্ঞপ্তি : ১১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

**ভ্যাট নিবন্ধন প্রদানে ছয় মাসে এনবিআরের ২৬ শতাংশ প্রবৃদ্ধি।**

জুলাই-আগস্টের ধাক্কা সামলে জাতীয় রাজস্ব বোর্ড নতুন নিবন্ধন প্রদানে গত ৬ মাসে ২৬ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। যদিও আগস্ট মাসে এ হার নেতিবাচক ছিল ২৫ শতাংশ। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ভ্যাটের আওতা বাড়ানো এবং নতুন নতুন ভ্যাট দাতাকে ভ্যাট নেটে অর্ন্তভুক্তকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের বর্তমান চেয়ারম্যান নানা ধরণের ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে। যার ফলশ্রুতিতে তিনি দায়িত্ব গ্রহণের পরবর্তী ছয়মাসে বিগত একই সময়ের তুলনায় ২৬ শতাংশ বেশি প্রতিষ্ঠানকে নতুন নিবন্ধন প্রদানের মাধ্যমে ভ্যাট নেটে অর্ন্তভূক্ত করা সম্ভব হয়েছে।

জুলাই-আগস্ট পরবর্তী সময়ে বর্তমান সরকার দেশের অর্থনীতির চাকা সচল রাখার জন্যে বিভিন্ন ধরণের ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে। যার জন্য নতুন ভ্যাট নেট বাড়ানোর কোন বিকল্প নেই। গত আগস্ট ২০২৩ মাসে নিবন্ধন সংখ্যা ছিল ৫৬৪৪ টি কিন্তু আগস্ট ২০২৪ মাসে নিবন্ধন সংখ্যা কমে ৪২২৮ টি হয়। অর্থাৎ একই সময়ের তুলনায় নতুন নিবন্ধন সংখ্যা ২৫ শতাংশ কমে যায়। পরবর্তীকালে এনবিআরের নতুন প্রশাসন মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নতুন ভ্যাটদাতা শনাক্তরণের লক্ষ্যে বিভিন্ন ধরণের পদক্ষেপ নেন। ফলে পরবর্তী ছয়মাসে অর্থাৎ আগস্ট ২০২৪ হতে জানুয়ারি ২০২৫ সময়ে নতুন নিবন্ধনের হার ২৬ শতাংশ বৃদ্ধি পায়।

নতুন ভ্যাট নিবন্ধন বৃদ্ধির লক্ষ্যে এনবিআর ইতোমধ্যে ভ্যাটযোগ্য বার্ষিক টার্নওভার সীমা ৩ কোটি টাকা হতে কমিয়ে ৫০ লক্ষ টাকা নির্ধারণ করেছে। ৩০ লক্ষ টাকা পর্যন্ত ভ্যাটমুক্ত ও ৫০ লক্ষ টাকা পর্যন্ত টার্নওভারের আওতায় রাখা হয়েছে। মাঠ পর্যায়ের সকল কমিশনারগণকে নতুন নিবন্ধন প্রদান ও আইনানুগ রাজস্ব আদায়ের ক্ষেত্রে করদাতাদের সাথে সেবামূলক মনোবৃত্তি বজায় রাখার নির্দেশনা প্রদান করেছে। এছাড়া সকল কর্মকর্তাদেরকে নতুন ভ্যাটদাতা বাড়ানোর জন্য মেধাজাত কর্মকান্ডের মাধ্যমে আউট অব দা বক্সে কাজ করার জন্য বলা হয়েছে। কর্মকর্তাদের কর্মপ্রবণতা, দক্ষতা ও সৃজনশীল কাজের মাধ্যমে নিবন্ধন সংখ্যা প্রবৃদ্ধিতে সফল কর্মকর্তাকে 'বিশেষ স্বীকৃতি' প্রদান করা হবে।

ভ্যাট নেট বৃদ্ধিতে এনবিআরে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমান ধারা অব্যাহত থাকলে পরবর্তী ছয়মাসে নতুন নিবন্ধন সংখ্যা ৫০ শতাংশে উন্নীত করার প্রত্যাশা এনবিআরের। এ জন্য সর্বস্তরের অংশীজন, ব্যবসায়ী, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া প্রতিনিধিসহ সকলকে ইতিবাচক মনোবৃত্তি গ্রহণ ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

-জাতীয় রাজস্ব বোর্ড